গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বীরগঞ্জ,দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

## সরকারি জলমহাল বন্দোবস্ত/ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলাধীন বীরগঞ্জ উপজেলার ব্যবস্থাপনাধীন ৩৪টি পুকুর/ জলাশয়সমূহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ মোতাবেক ১৪৩৩-১৪৩৫ বাংলা সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সংগঠনের অনুকূলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে ইজারার আবেদন দাখিলের জন্য আহবান করা যাচ্ছে। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইট land.gov.bd অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ১৫/০১/২০২৬ খ্রি. (০১ মাঘ ১৪৩২) তারিখ হতে ২৯/০১/২০২৬খ্রি.(১৫ মাঘ ১৪৩২) তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে অনলাইনে আবেদন দাখিলের জন্য আহবান করা যাচ্ছে। আবেদন দাখিলের পর ০১/০২/২০২৬ খ্রি.(১৮ মাঘ ১৪৩২) তারিখ হতে ০৩/০২/২০২৬ খ্রি. (২০ মাঘ, ১৪৩২) তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ এর অনুকূলে সিডিউল মূল্য বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ২৫% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি (সোনালী ব্যাংক লিঃ বীরগঞ্জ শাখা কর্তৃক) সীলগালা (মুখবন্ধ) খামে উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর বরাবর দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে। নির্ধারিত তারিখের পূর্বে অথবা পরে কোন আবেদন করা যাবে না। ০৫/০২/২০২৬ খ্রিঃ (২২ মাঘ, ১৪৩২) তারিখ বিকাল ৩.০০ ঘটিকির মধ্যে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই এবং ১৭/০২/২০২৬ খ্রিঃ (০৪ফাল্গুন, ১৪৩২) তারিখের মধ্যে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন করা হবে। যে কোন আবেদন গ্রহণ/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময় উপজেলা ভূমি অফিস ও নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে।

### ছক-১: বন্দোবস্তযোগ্য জলমহালের তালিকাঃ

| ক্রমিক নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | তফসিল | | | তিন বছরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে ইজারা মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | খং নং | দাগ | পরমিাণ | | | | |
| ১ | পুকুর | শিবরামপুর | শিবরামপুর | ০১ | ৩৩১ | ০.৯৪ | ৫৭৭৫/- | ৬০৬৪/- | ৫০০/- | |
| ২ | মানিকা ছিড়া | পাল্টাপুর | কাজল | ০১ | ১১৩২ | ০.৪৮ | ২২৩৭/- | ২৩৪৯/- | ৫০০/- | |
| ৩ | সনকামনি-২ | পাল্টাপুর | সনকা | ০১ | ১০৫৭ | ১.১৬ | ১৪,১৭৫/- | ১৪৮৮৪/- | ৫০০/- | |
| ৪ | বড় পুকুর | সুজালপুর | চাকাই | ০১ | ৯৯১ | ০.২৮ | ২৩৫২/- | ২৪৭০/- | ৫০০/- | |
| ৫ | ফেনা পুকুর | সুজালপুর | ফেনাপুকুর | ০১ | ১৮৬ | ০.৬৭ | ১৩,৫৪৫/- | ১৪২২৩/- | ৫০০/- | |
| ৬ | মহেশখুড়া পুকুর | সুজালপুর | মানকিরা | ০১ | ১৮৭ | ০.৩১ | ৪৭২৫/- | ৪৯৬২/- | ৫০০/- | |
| ৭ | বর্ষা পুকুর-২ | সুজালপুর | বর্ষা | ০১ | ৪৪৫ | ০.৩৫ | ৭৮৭৫/- | ৮২৬৯/- | ৫০০/- | |
| ৮ | কানা পুকুর | নিজপাড়া | দারিয়াপুর | ০১ | ২৪২৫ | ০.৮৫ | ৯৪৫০/- | ৯৯২৩/- | ৫০০/- | |
| ৯ | দক্ষশা | ভোগনগর | গান্ডারা | ০১ | ৫৩৫ | ০.২৩ | ৪০৯৫/- | ৪৩০০/- | ৫০০/- | |
| ১০ | কলাগাছি | ভোগনগর | গান্ডারা | ০১ | ৯৩ | ০.৫১ | ১৩,২৩০/- | ১৩৮৯২/- | ৫০০/- | |
| ১১ | ধামুয়া পুকুর | ভোগনগর | ডালাগাঁও | ০১ | ৫৮ | ০.৭৩ | ৮,৩৪৮/- | ৮৭৬৬/- | ৫০০/- | |
| ১২ | নওগাঁও-৪ | ভোগনগর | নওগাঁও | ০১ | ৫৮৮ | ০.৬৮ | ৬৩০০/- | ৬৬১৫/- | ৫০০/- | |
| ১৩ | বালিয়াখুড়ী | ভোগনগর | বিজয়পুর | ০১ | ৯৫ | ০.৭৪ | ৬৩০০/- | ৬৬১৫/- | ৫০০/- | |
| ১৪ | ফরিদা পুকুর | ভোগনগর | মাছবোয়াইল | ০১ | ১১৫৯ | ০.৩০ | ৩১৫০/- | ৩৩০৮/- | ৫০০/- | |
| ১৫ | ঘোষপুড়াপুকুর | মোহনপুর | মোহনপুর | ০১ | ৩২৭ | ০.৫০ | ৯৪৫০/- | ৯৯২৩/- | ৫০০/- | |
| ১৬ | সনকা মনি- ১ | পাল্টাপুর | সনকা | ০১ | ৫৮৩ | ১.৬০ | ১৪,০০০/- | ১৪৭০০/- | ৫০০/- | |
| ১৭ | দঃ রঘুনাথপুর- ১ | পাল্টাপুর | দঃ রঘুনাথপুর | ০১ | ৩৬৪ | ১.৬৬ | ৫১,৫০০/- | ৫৪০৭৫/- | ৫০০/- | |
| ১৮ | দঃ | পাল্টাপুর | দঃ | ০১ | ৯১০ | ১.৬৭ | ৪৩,০০০/- | ৪৫১৫০/- | ৫০০/- | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | রঘুনাথপুর- ২ | | রঘুনাথপুর | | | | | | | |
| ১৯ | যুগী পুকুর | সুজালপুর | মানকিরা | ০১ | ২৫৪ | ০.৮৯ | ২,১০০/- | ২২০৫/- | ৫০০/- | |
| ২০ | বর্ষা-১ | সুজালপুর | বর্ষা | ০১ | ১৯৪ | ১,২৬ | ২৬,৫০০/- | ২৭৮২৫/- | ৫০০/- | |
| ২১ | দোঃ আসুলিয়া | নিজপাড়া | চক বানরশী | ০১ | ১৫১৯ | ১.০৫ | ২১,৬০৫/- | ২২৬৮৬/- | ৫০০/- | |
| ২২ | সুতিপুকুর | নিজপাড়া | সৈয়দপুর কল্যানী | ০১ | ৫১০ | ২.৫০ | ১,৭১,৫০৫/- | ১,৮০,০৮১/- | ৫০০/- | |
| ২৩ | শীতলাই | নিজপাড়া | দাড়িয়াপুর | ০১ | ২২৭০ | ০.৬০ | ২,০০০/- | ২১০০/- | ৫০০/- | |
| ২৪ | চেপটি পুকুর | মোহাম্মদপুর | মাহানপুর | ০১ | ২১৮২ | ১.৭৯ | ২৫০০০/- | ২৬২৫০/- | ৫০০/- | |
| ২৫ | সল্লাই পুকুর | মোহাম্মদপুর | মাহানপুর | ০১ | ৪০২৪ | ০.৫৪ | ১৫,৩০০/- | ১৬০৬৫/- | ৫০০/- | |
| ২৬ | বেজ্ঞাছিপি পুকুর | ভোগনগর | চাউলিয়া | ০১ | ৬৬ | ০.৫১ | ৩,১০০/- | ৩২৫৫/- | ৫০০/- | |
| ২৭ | নওগাঁও-১ | ভোগনগর | নওগাঁও | ০১ | ১৮৪ | ০.২৮ | ৩৫০০/- | ৩৬৭৫/- | ৫০০/- | |
| ২৮ | ঝলঝলি | ভোগনগর | নওগাঁও | ০১ | ৯৩ | ২.৮৫ | ৯৮,০০০/- | ১,০২,৯০০/- | ৫০০/- | |
| ২৯ | বুড়া হাজরা | ভোগনগর | বুহিলা | ০১ | ৬৭ | ৩.০৩ | ৪৮,০০০/- | ৫০৪০০/- | ৫০০/- | |
| ৩০ | দিঘলমারী পুকুর | ভোগনগর | বুহিলা | ০১ | ৮১ | ০.২৯ | ৬০০/- | ৭০০/- | ৫০০/- | |
| ৩১ | নিফিন্দা/ নিশিন্দা | মোহনপুর | কুতুলপুর | ০১ | ২৫২ | ১.৩১ | ৯,০০০/- | ৯৪৫০/- | ৫০০/- | |
| ৩২ | রাজ পুকুর | সুজালপুর | চেংগাইক্ষেত্র | ০১ | ২১৭ | ১.১৩ | ৪২,০০০/- | ৪৪,১০০/- | ৫০০/- | |
| ৩৩ | বোচাপুকুর | নিজপাড়া | দেবীপুর | ০১ | ১৩৭৪ | ১.৭৮ | ১,৩৩,০০০/- | ১,৩৯,৬৫০/- | ৫০০/- | |
| ৩৪ | নাগরী সাগরী-১ | মরিচা | নাগরী সাগরী | ০১ | ৪৬৬৭ | ০.১৪ | ৬০০/- | ৬৩০/- | ৫০০/- | |

**বন্দোবস্ত/ ইজারার শর্তাবলী:**

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,**২০০৯** অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/ নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

২. খামের উপরে আবেদনকারী সংগঠন/ সমিতির নাম ও আবেদনকৃত জলাশয়ের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩. আবেদনকারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতিকে অবশ্যই সমবায় অধিদপ্তর হতে নিবন্ধন প্রাপ্ত হতে হবে।

৪. আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সহিত বিগত ২ (দুই) বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৫. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবে।

৬. নির্দিষ্ট ফরমে আবেদন পত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সমিতি তাদের সদস্যদের ঠিকানাসহ নামের তালিকা এবং নির্বাহী সদস্যদের ঠিকানাসহ নামের তালিকা সংযুক্ত করবে।

৭. আবেদন পত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

৮. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করবেন।

৯. আবেদন অসম্পুর্ন থাকলে তা বাতিলযোগ্য হবে।

১০. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন / সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

১১. আবেদনের সংগে উদ্বৃত মূল্যের ২৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে।জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১২. আবেদনপত্রে দরের পরিমান বছরওয়ারী অথবা ৩ (তিন) বছর মেয়াদের উল্লেখ থাকতে হবে।

১৩. আবেদন অনুমোদনের পর প্রথম বছরের সাকুল্য ইজারা মুল্য ৭ (সাত) দিনের মধ্যে সরকারি খাতে জমা প্রদান করতে হবে। কোনক্রমেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

CamScanner

১৪. ইজারাপ্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে প্রথম বছরের ইজারা মূল্য পরিশোধের সময় মোট ইজারা মূল্যের ১০% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদান করতে হবে।

১৫. ইজারা মেয়াদের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৬. বন্দোবস্ত/ ইজারা এর মেয়াদ ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন যে তারিখেই অনুমোদিত হউক না কেন তা ১লা বৈশাখ হতে কার্যকর হবে।

১৭. আবেদনপত্র অনুমোদনের ৭ (সাত) দিনের মধ্যে ইজারামূল্য পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১৮. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল বন্দোবস্ত/ ইজারা পাবে না।

১৯. চুক্তি সম্পাদনের পর আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল হস্তান্তর করা হবে। চুক্তির শর্ত ভঙ্গ না করলে মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত উক্ত ইজারা বলবৎ থাকবে।

২০. লীজ গ্রহিতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহিতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

২১. ইজারাযোগ্য জলাশয়/ পুকুরের আয়তন ব্যতিত বাড়ী বা সংলগ্ন পতিত জমি ইজারার আওতাভূক্ত হবে না।

২২. ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহলের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যাস্ত হবে।

২৩. ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

২৪. সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের মাধ্যমে বনজ সম্পদ বৃদ্ধির জন্য বন্দোবস্ত গ্রহিতা সমিতি চুক্তিবদ্ধ থাকবে।

২৫. বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২৬. বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২৭. যে সকল জলমহালসমূহ থেকে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে, সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না।

২৮. বর্ষা মৌসুমে যদি কোন বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহাল সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৯. বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলাশয়ে কেহ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না।

৩০. যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

৩১. ইজারামূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠন স্ব-উদ্যোগে ইজারা চুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ করবেন। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না কিংবা কোন কর্তৃপক্ষ বা কোন আদালতে ম'মলা মোকদ্দমা করতে পারবে না। লীজচুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল প্রদান করা যাবে না ।

৩২. যে সকল জলমহালের উপর বিজ্ঞ আদালতে/উর্ধ্বতন কর্তৃপক্ষের স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল জলমহালের জন্য এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না। তবে উর্ধ্বতন কর্তৃপক্ষের অথবা বিজ্ঞ আদালতে সংশ্লিষ্ট জলমহালের মামলা মোকদ্দমা অথবা স্থগিতাদেশ/স্থিতাবস্থা/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহার সাপেক্ষে/প্রত্যাহার হলে জলমহাল ইজারার ব্যবস্থা গ্রহণ করা যাবে। এ ক্ষেত্রে কোন সমিতি ইচ্ছা করলে আবেদনপত্র ক্রয় করে আবেদনপত্র জমা দিতে পারবে এবং স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা প্রত্যাহার সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে ।

৩৩. মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইনসঙ্গত কারণে জলমহালসমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না অথবা জলমহাল ভরাট হয়ে গিয়েছে, মাছের মড়ক ইত্যাদি কারণে ক্ষতিপূরণ চেয়ে জলমহাল ইজারার মেয়াদ বৃদ্ধি করার জন্য কোন কর্তৃপক্ষ কিংবা অন্য কোন আদালতে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না।

৩৪. এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হবে।

০৩/০৩/২৬
সুমা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর
ফোন :৫৮৯৯২৮৩৬৫

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বীরগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭১২.০১০.৭১.০১৩.২৬- ২৭ তারিখঃ ০৪ জানুয়ারি/ ২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
০২। প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
০৪। উপজেলা ........................................................ কর্মকর্তা (সকল), বীরগঞ্জ, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শণের জন্য অনুরোধ করা হলো।
০৫। চেয়ারম্যান, ........................................................ ইউনিয়ন পরিষদ (সকল),বীরগঞ্জ, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশসহ ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................................ ইউনিয়ন ভূমি অফিস, (সকল) বীরগঞ্জ, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার আওতাধীন সকল হাট/বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারান্তে প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
০৭। সভাপতি/সম্পাদক, ........................................................................................................ বীরগঞ্জ, দিনাজপুর।
০৮। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।
০৯। অফিস কপি।

৪/১/২০২৬

(দীপংকর বর্মন)
সহকারী কমিশনার (ভূমি)
বীরগঞ্জ, দিনাজপুর
০১/২৬